

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১

স্বাস্থ্য ও শারীরশিক্ষা

অষ্টম শ্রেণি

দ্বিতীয় অধ্যায় : স্বাস্থ্যশিক্ষা

১। শূন্যস্থান পূরণ করো :

- (ক) W.H.O. এর পুরো নাম _____ Health Organisation।
- (খ) বিদ্যালয়ের পানীয় জলের উৎস সর্বদা _____ ও সুরক্ষিত হতে হবে।
- (গ) স্বাস্থ্যবিধান হলো বিজ্ঞানসম্মত এমন একটি বিষয় যা জানলে _____ সুস্থ, সুন্দর ও নিরোগ রাখা যায়।
- (ঘ) দরিদ্র পরিবারগুলির চিকিৎসা ব্যয় এর ৬০ _____ খরচ হয় স্বাস্থ্য বিধানের অভাবজনিত জলবাহিত রোগের চিকিৎসায়।
- (ঙ) কোনো দেশের জনসাধারণের জীবনযাত্রার মান কত উন্নত তার উপর নির্ভর করে ওই দেশের মানব _____ সূচক।

২। সঠিক উত্তরটি নির্বাচন করো :

(ক) শিক্ষার্থীদের শরীরে আয়োডিন নামক খনিজ মৌলটির অভাব হলে কী কী উপসর্গ দেখা দেবে?

- চোখে ট্যারাভাব
- পড়াশোনায় পিছিয়ে পড়া
- ক্লান্তিভাব
- গলগণ্ড
- সবকয়টি

(খ) কোন্ রোগটি আয়রন নামক খনিজ মৌলের অভাবজনিত রোগ?

- চর্মরোগ
- ডেঙু
- ম্যালেরিয়া
- রক্তাল্পতা
- রাতকানা

(গ) কোন্টি ভিন্ন ধরনের রোগ?

- ম্যালেরিয়া
- ফাইলেরিয়া বা গোদ
- টিটেনাস
- ডেঙু
- চিকনগুনিয়া

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এ প্রশ্নগুলোর উত্তর লিখে বিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশ মতো অভিভাবকদের মাধ্যমে শিক্ষকদের কাছে জমা দিতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে জমা দিতে আসবে না।

(ঘ) যদি উত্তরটি হয় এডিস মশা, তাহলে প্রশ্নটি কী ছিল?

- i) কোন মশা কামড়ালে ম্যালেরিয়া রোগ হয়?
- ii) কোন মশা কামড়ালে চিকনগুনিয়া রোগ হয়?
- iii) কোন মশা কামড়ালে ডেঙ্গু রোগ হয়?
- iv) কোন মশা কামড়ালে ফাইলেরিয়া রোগ হয়?

(ঙ) কখন কখন হাত ধুতে হবে?

- i) খাবার খাওয়ার আগে ও পরে
- ii) শৌচাগার ব্যবহারের পরে
- iii) রোগীর ঘরে যাওয়ার আগে ও পরে
- iv) স্নান করার পরে
- v) i) + ii) + iii) নং ক্ষেত্রে
- vi) সব কটি ক্ষেত্রেই।

৩। নিজের মতো করে লেখো :

(ক) নির্মল গ্রামের বৈশিষ্ট্যগুলি তালিকাভুক্ত করো।

(খ) বিদ্যালয়ের প্রতিটি শিক্ষার্থীকে সুরক্ষিত রাখতে কী কী পদক্ষেপ গ্রহণ করতে হবে?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এ প্রশ্নগুলোর উত্তর লিখে বিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশ মতো অভিভাবকদের মাধ্যমে শিক্ষকদের কাছে জমা দিতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে জমা দিতে আসবে না।